



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২৯

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 22 SEPTEMBER 2026 , TUESDAY | ২২ সেপ্টেম্বর ২০২৬ , মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-289

রাস্তায় বা খোলা জায়গায় আবর্জনা ফেলা বন্ধ করুন ,নাহলে জরিমানা ,জানালেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্রিমিত্রা পাল



ডাক্তার সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,২১ সেপ্টেম্বর : রাস্তা বা খোলা জায়গায় বিশেষ করে দুটি বিল্ডিংয়ের মাঝখানে আবর্জনা ফেলা বন্ধ করুন ,নাহলে মোটা অংকের টাকা জরিমানা করা হবে বলে আজ কলকাতায় একটি বৈঠকে যোগ দিয়ে একথা জানালেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্রিমিত্রা পাল । তিনি আরও বলেন ,“শুধু নিজের বাড়ি পরিষ্কার রাখলেই হবে না। যেভাবে আমরা নিজেদের বাড়ি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখি ,ঠিক সেভাবেই বাড়ির সামনের রাস্তা ও ফুটপাথের অংশটিও পরিষ্কার রাখা আমাদের দায়িত্বের মধ্যে পড়ে । যেখানে-সেখানে আবর্জনা না ফেলে নিজের চারপাশও আসুন সকলে মিলে পরিচ্ছন্ন রাখি । প্রতিদিন সকালে সাফাইকর্মীরা যখন আসবেন ,তাদের হাতেই বাড়ির বর্জ্য পদার্থ তুলে দিন।রাস্তায় বা খোলা জায়গায় আবর্জনা ফেলে আমাদের শহরকে নোংরা করবেন না।”

কালিম্পং এ পঞ্চায়েত দপ্তরের নতুন গেস্ট হাউস উদ্বোধন করলেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,দার্জিলিং ,২১ সেপ্টেম্বর : কালিম্পং এ পঞ্চায়েত দপ্তরের নতুন গেস্ট হাউসের উদ্বোধন করলেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ। সোমবার এই গেস্ট হাউসের উদ্বোধন করে দিলীপ ঘোষ জানান গেস্ট হাউসটি রাজ্যের পঞ্চায়েত দপ্তরের অধীন ডাবলিউ বিসিএডিসির উদ্যোগে নির্মিত হয়েছে। কালিম্পং এর আট মাইল এলাকায় পাহাড়ের একদম উঁচুতে নির্মিত এই গেস্ট হাউসটি নিরিবিলা ও মনোরম পরিবেশে থাকার সুবাদে এখান থেকে বিস্তীর্ণ পাহাড়ি অঞ্চল ও কাঞ্চনজঙ্ঘার সুন্দর দৃশ্য উপভোগ করতে পারবেন পর্যটকরা। তিনি আরও বলেন এই গেস্ট হাউসটি পর্যটনের ক্ষেত্রে একটি মাইল ফলক হবে বলে তিনি আশাবাদী। গেস্ট হাউসের ঘরগুলির নাম রাখা হয়েছে স্থানীয় সুন্দর ও অপেক্ষাকৃত কম পরিচিত অফবিট গ্রাম গুলির নামে। এর ফলে পর্যটকদের মনে ঐ জায়গাগুলি সম্পর্কে আগ্রহ বাড়বে তারা ঐ গ্রামগুলিতে যেতে চাইবেন। পর্যটন এর বিকাশ ঘটবে। এলাকার আর্থ সামাজিক ক্ষেত্রে উন্নতি ঘটবে বলেও মন্তব্য করেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ।

বেলুড় মঠে রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,২১ সেপ্টেম্বর : রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ সোমবার সকালে রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রধান কেন্দ্র বেলুড় মঠে যান। দেখা করেন রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রেসিডেন্ট শ্রীমৎ স্বামী গৌতমানন্দজী মহারাজের সাথে। পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান পবিত্র এই পরিবেশে দিনের বেশ খানিকটা সময় কাটিয়ে প্রাণ মন শান্ত হয়েছে প্রেসিডেন্ট মহারাজের সাথে সাক্ষাৎ করে বিভিন্ন বিষয়ে কথা বলেন। এই প্রসঙ্গে মন্ত্রী জানান প্রেসিডেন্ট মহারাজের চিন্তাভাবনা ও কথার মাঝে জীবনের প্রতি এক গভীর দৃষ্টিভঙ্গির সন্ধান তিনি পেয়েছেন। বেলুড় মঠের এই শান্ত পরিবেশে আধ্যাত্মিকতার পাশাপাশি মানব সেবার এক অনন্য বার্তা অনুভব করেন তিনি। স্বামী বিবেকানন্দের আদর্শ আজও মনের মাঝে অনুপ্রেরণা যোগায় ,দেশ ও সমাজের জন্য কাজের ক্ষেত্রে দায়িত্বশীল হতে শেখায়। শান্তি ,সেবা ও মানব কল্যাণের এই বার্তা সকলের জীবনে ছড়িয়ে পড়ুক। বেলুড় মঠের পবিত্র মাটিতে এসে মনের মাঝে এক নতুন শক্তি অনুভব করেছেন জানিয়ে মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ বলেন এই দিনটা তার কাছে স্মরণীয় হয়ে থাকবে।

মুখ্যমন্ত্রীর সভাস্থল পরিদর্শন করলেন বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : আগামীকাল হাসিমাড়া সুভাষিনী ময়দানে আসছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বনদফতরের থেকে আয়োজিত বিশ্ব গণ্ডার দিবস অনুষ্ঠানে তিনি আসবেন তার পূর্বে আজ সুভাষিনী ময়দান শুদ্ধিকরণ করল বিজেপি নেতৃত্বরা। রীতিমতো পুরোহিতকে দিয়ে পূজা করে গঙ্গা জল ছিটিয়ে সুভাষিনী ময়দান শুদ্ধিকরণ করা হয়। মুখ্যমন্ত্রীর সভাস্থল পরিদর্শন করলেন বনমন্ত্রী মনোজ কুমার ওরাঁও ,এছাড়া উপস্থিত ছিলেন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা ,আলিপুরদুয়ার সাংসদ মনোজ টিগ্গা সহ অন্যান্যরা। আগামীকাল হাসিমাড়া সুভাষিনী ময়দানে বনদফতরের থেকে আয়োজিত বিশ্ব গণ্ডার দিবস অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী। সুভাষিনী ময়দানে শেষ মুহূর্তের প্রস্তুতি চলছে জোরকদমে।

অসম বাংলা সীমানায় নাকা চেকিং পয়েন্টের ইন্টিগ্রেটেড ক্যাম্প অফিস উদ্বোধন করলেন উত্তরবঙ্গের আইজি



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : অসম বাংলা সীমানায় আলিপুরদুয়ার জেলা পুলিশের কুমারগ্রাম থানার অন্তর্গত পাখড়িগুড়িতে একটি ইন্টিগ্রেটেড ক্যাম্প অফিসের উদ্বোধন করা হয়। সোমবার নব নির্মিত এই অফিসের উদ্বোধন করলেন উত্তরবঙ্গের আইজি সুকেশ কুমার জৈন। উপস্থিত ছিলেন জলপাইগুড়ি রেঞ্জের ডেপুটি ডিআইজি প্রশান্ত কুমার চৌধুরী, আলিপুরদুয়ার এর পুলিশ সুপার অমিত কুমার শাউ সহ অন্যান্য উচ্চপদস্থ পুলিশ আধিকারিকগণ। আইজি সুকেশ কুমার জৈন জানান পাখড়িগুড়ি নাকা চেকিং পয়েন্টটি দীর্ঘদিন ধরেই চলছে। আস্তরাজ্য সীমানায় এই নাকা চেকিং পয়েন্টটিকে আরো উন্নত করে সিসি টিভির সংখ্যা বাড়ানো হয়েছে। এখানে শুধু পুলিশ নয় অন্যান্য দপ্তরের কর্মীরা ও প্রয়োজনে বসতে পারবেন। সাতাশ নম্বর জাতীয় সড়কের আস্তরাজ্য সীমানায় এই নাকা চেকিং পয়েন্টটি নিরাপত্তার খাতিরে যথেষ্ট গুরুত্বপূর্ণ। একারণেই এই ক্যাম্প অফিসটিকে আধুনিক সুবিধা যুক্ত করে তৈরী করা হয়েছে। আস্তরাজ্য সীমানায় নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে আধুনিক সুবিধা যুক্ত এই সমন্বিত বা ইন্টিগ্রেটেড চেক পোস্ট সহায়ক হবে।

ভয়াবহ দুর্ঘটনা হাসিমারা তোর্ষা নদী সংলগ্ন এলাকায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : হাসিমারা তোর্ষা নদী সংলগ্ন জঙ্গলে ভয়াবহ পথ দুর্ঘটনা। কয়লা বোঝাই একটি ট্রাক মাদারিহাটের দিক থেকে হাসিমারার দিকে যাচ্ছিল। তোর্ষা নদীর মাঝামাঝি জঙ্গল এলাকায় হঠাৎ ট্রাকটির নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন চালক। এরপর ট্রাকটি রাস্তার পাশে উল্টে যায়। দুর্ঘটনাটি এতটাই জোরালো ছিল যে ট্রাকের একটি অংশ রাস্তার উপর উঠে আসে। অন্যদিকে ট্রাকে বোঝাই থাকা কয়লা জঙ্গলের দিকে ছিটকে পড়ে। এর ফলে রাস্তার একটি অংশ বেশ কিছুক্ষণ অবরুদ্ধ হয়ে পড়ে এবং যান চলাচল ব্যাহত হয়। দুর্ঘটনায় ট্রাক চালক আহত হয়েছেন বলে জানা যাচ্ছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ ও প্রশাসন। রাস্তার উপর আটকে থাকা যানবাহন সরিয়ে যান চলাচল স্বাভাবিক করতে সহযোগিতা করেন পুলিশকর্মীরা।

শামুকতলায় প্রচুর পরিমাণ মদ উদ্ধার ,গ্রেপ্তার একজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : গোপন সূত্রের খবরের ভিত্তিতে শামুকতলা রোডের তেতুলতলা চৌপাখি এলাকায় একটি রাস্তার ধারের ধাবায় অভিযান চালালো পুলিশ। সেখান থেকে বিপুল পরিমাণ বেআইনি মদ ও বিয়ার উদ্ধার ও বাজেয়াপ্ত করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ওই ধাবার মালিক দীর্ঘদিন ধরে অবৈধভাবে মদ বিক্রি করছিলেন। খবর পেয়ে শামুকতলা থানার পুলিশ অভিযান চালায়। তল্লাশি চালিয়ে মোট ৭১ বোতল মদ ও বিয়ার উদ্ধার করা হয়। এই ঘটনায় ধাবার মালিক কানাই সাহাকে গ্রেফতার করা হয়েছে। তার বাড়ী উত্তর পারোকাটা এলাকায়। সমস্ত আইনি প্রক্রিয়া মেনেই তাকে গ্রেফতার করা হয়। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় এফআইআর দায়ের করে তদন্ত শুরু হয়েছে। ধৃতকে আজ আলিপুরদুয়ার আদালতে পাঠানো হয়েছে।


ভয়াবহ দুর্ঘটনা চালতাতলা এলাকায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : ৩১ নম্বর জাতীয় সড়কের চালতাতলা এলাকায় ভয়াবহ পথ দুর্ঘটনা। রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি কন্টেনার গাড়িকে সজোরে ধাক্কা মারল একটি মাতৃ যান। এই দুর্ঘটনায় মাতৃ যানে থাকা দুজন গুরুতর জখম হয়েছেন। স্থানীয় সূত্রে জানা গেছে মাতৃ যানটিতে চালকসহ আর একজন ছিল। চালতাতলা এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা কন্টেনারের পেছনে ধাক্কা মারে। ধাক্কার তীব্রতা এতটাই ছিল যে মাতৃ যানটির সামনের বাঁ দিক একেবারে দুমড়ে মুচড়ে যায়। গাড়ির কোনো চিহ্নই অবশিষ্ট নেই। বিকট শব্দ শুনে ছুটে আসেন স্থানীয়রা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। স্থানীয়দের সহযোগিতায় জখম দুজনকে উদ্ধার করে প্রথমে যশোভাঙ্গা গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় দুজনকেই আলিপুরদুয়ার জেলা হাসপাতালে স্থানান্তরিত করা হয়। দুর্ঘটনার জেরে কিছুক্ষণের জন্য ৩১ নম্বর জাতীয় সড়কে যানজটের সৃষ্টি হয়। পরে পুলিশ গাড়িটি সরিয়ে যান চলাচল স্বাভাবিক করে। কী কারণে এই দুর্ঘটনা, তা খতিয়ে দেখছে পুলিশ।

বেওয়ারিশ মহিলার মৃতদেহ পড়ে রয়েছে আলিপুরদুয়ার মর্গে

অবৈধ মদের বিরুদ্ধে অভিযানে আটক চার, বাজেয়াপ্ত প্রচুর মদ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : ১৭ দিন পার হয়ে গেলেও এখনো দাবিদার নেই মৃত মহিলার। ফলে ১৭ দিন যাবত মৃতদেহ পড়ে রয়েছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে। চলতি মাসের ৪ তারিখ শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পাশে করেছিল এক বৃদ্ধা মৃত অবস্থায়। এরপর তার মৃতদেহ উদ্ধার করে শামুকতলা থানার পুলিশ। আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়না তদন্ত করে রাখা হয়েছে মৃতদেহ। ইতিমধ্যেই কেটে গেছে ১৭ দিন কিন্তু এখনো পর্যন্ত সেই বৃদ্ধার কোন আত্মীয়-স্বজন ছেলে-মেয়ে আসেনি তার মৃতদেহ নিতে। ফলে বিপাকে পড়েছে শামুকতলা থানার পুলিশ। এখনো সংস্কার হয়নি সেই মৃতদেহ। কতদিন এই মৃতদেহ মর্গে থাকবে তাই নিয়ে চিন্তিত প্রশাসনিক কর্তারা।



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা পুলিশের ফালাকাটা থানার পুলিশ সমাজ মাধ্যমের সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে সোমবার থানার অন্তর্গত ট্রাক মার্কেট এলাকায় অভিযান চালিয়ে প্রচুর পরিমাণ অবৈধ মদ উদ্ধার করে। অবৈধ মদ কারবারে জড়িত থাকার অভিযোগে আটক করা হয় চার জনকে। উদ্ধার করা মদ বাজেয়াপ্ত করে আটক চার জনের বিরুদ্ধে বঙ্গীয় আবগারি আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL